

বাধ্যতামূলক ফেস মাস্ক

বৃহত্তর সিডনী, সেন্ট্রাল কোস্ট, উলংগং, ন্লু মাউন্টেইন্স

বৃহত্তর সিডনী, সেন্ট্রাল কোস্ট, উলংগং এবং ন্লু মাউন্টেইন্স এলাকায় ফেস মাস্ক পরার নতুন নিয়ম হয়েছে।

কিছু নির্দিষ্ট আভ্যন্তরীণ স্থানে ফেস মাস্ক (যা ভাল করে মুখ ঢাকা রাখে) পরা বাধ্যতামূলক:

- কেনাকাটা (খুচরা, সুপারমার্কেট এবং শপিং সেন্টার)
- ব্যাংক এবং পোস্ট অফিস
- গণ পরিবহন, কমিউনিটি ট্রান্সপোর্ট, ট্যাক্সি এবং রাইড শেয়ার সার্ভিস (অপেক্ষমান এলাকা সহ)
- আভ্যন্তরীণ বিনোদনের স্থান(সিনেমা এবং থিয়েটার সহ)
- সর্বজনীন উপাসনার স্থান
- চুল এবং সৌন্দর্য পরিচরার স্থান
- ট্যাটু পার্লার
- ম্যাসেজ পার্লার
- বাজি খেলার এজেন্সী
- লাইসেন্সপ্রাপ্ত এলাকায় গেমিং স্থান
- বয়স্কদের আবাসিক যত্ন কেন্দ্রে দর্শনার্থীরা

এছাড়াও নিম্নলিখিত স্থানে ফেস মাস্ক পরা সকল কর্মচারীদের জন্য বাধ্যতামূলক:

- হসপিটালিটি ভেন্যু (যে সকল কর্মচারীদের গ্রাহকদের সাথে সরাসরি যোগাযোগ করতে হয় তাদের জন্য)
- লাইসেন্সপ্রাপ্ত এলাকায় গেমিং স্থান (ক্যাসিনো সহ)

১২ বছর বা তার কম বয়সী শিশুদের অব্যাহতি দেওয়া হয়েছে কিন্তু যেখানে সম্ভব সেখানে মাস্ক পরতে উৎসাহিত করা হয়।

বৃহত্তর সিডনী এলাকা যেখানে আপনাকে অবশ্যই একটি মাস্ক পরতে হবে এবং অন্যান্য নিয়ম জানার জন্য, এনএসডাব্লিউ সরকারের ওয়েবসাইট দেখুন www.nsw.gov.au/covid-19/what-you-can-and-cant-do-under-rules/greater-sydney

অব্যাহতি/ছাড়

আপনাকে মাস্ক পরতে হবে না যদি আপনি:

- ১২ বছর বা তার কম বয়সী শিশু হন
- শারীরিক বা মানসিকভাবে অসুস্থ হন বা এই ধরনের কোন অবস্থা থাকে, অথবা প্রতিবন্ধকতা থাকে যা আপনাকে মাস্ক পড়তে অনুপযুক্ত করে তোলে (উদাহরণস্বরূপ, ত্বকের অবস্থা, বুদ্ধিগত প্রতিবন্ধকতা, অটিজম বা মানসিক আঘাত)

মাস্ক অপসারণ করতে পারেন যখন আপনি:

- খাবার খান বা পান করেন
- বধির বা শ্রবণ সমস্যা আছে এমন কোন ব্যক্তির সাথে কথা বলছেন
- কর্মক্ষেত্রে এবং আপনার কাজের ধরণ আপনার বা অন্য কোন ব্যক্তির স্বাস্থ্য এবং নিরাপত্তার জন্য একটি ঝুঁকি তৈরি করে, অর্থাৎ আপনার মুখের ভাব প্রকাশ বা মুখ দেখানো অপরিহার্য।
- আপনাকে চিহ্নিত করার উদ্দেশ্যে আপনার মাস্ক খুলে ফেলতে বলা হয়েছে

জরিমানা প্রযোজ্য হতে পারে

ফেস মাস্ক না পরার জন্য আপনাকে ঘটনাস্থলে ২০০ ডলার জরিমানা করা হতে পারে।

এছাড়াও হসপিটালিটি ভেন্যু মালিকদের জন্য জরিমানা আছে যারা তাদের কর্মীদের প্রয়োজন অনুযায়ী মাস্ক পরা নিশ্চিত করতে ব্যর্থ হয়। একজন ব্যক্তির জন্য ১০০০ ডলার এবং কর্পোরেট অপারেটরের জন্য ৫০০০ ডলার জরিমানা হবে।

আরও তথ্যের জন্য দেখুন www.nsw.gov.au/covid-19